গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
রাজস্ব শাখা
www.sylhet.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৮.৫২.০০৪.২১. ৯৮৮৯ তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩ / ২৮ জুলাই ২০২৬

**গণবিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫ এর ৪(৬) বিধি অনুযায়ী আগামি ১৪৩৪ বঙ্গাব্দে সিলেট জেলার বালুমহালের ইজারা দরপত্রে অংশগ্রহণে আগ্রহী যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে তালিকাভুক্তি সনদ গ্রহণের জন্য আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীকে আগামি ১৫-১০-২০২৬ (৩০ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ) তারিখের মধ্যে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫-এর পরিশিষ্ট-১-এ বর্ণিত শর্তানুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে এবং তালিকাভুক্তি সনদ ফি সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক বিধিমালার পরিশিষ্ট-২-এর ফরম-১ অনুযায়ী জেলা প্রশাসক, সিলেট বরাবর আবেদন দাখিল করতে হবে।

২। যেসব ব্যক্তি/প্রতিষ্ঠানের তালিকাভুক্তি সনদ ১৪৩৩ বঙ্গাব্দের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত নবায়নকৃত রয়েছে, তাদেরও বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫ এর ৪(৬) বিধি অনুযায়ী পরিশিষ্ট-১ এ নির্ধারিত তালিকাভুক্তি সনদ নবায়ন ফি সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক আগামি ১৫-১০-২০২৬ (৩০ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ) তারিখের মধ্যে তালিকাভুক্তি সনদ নবায়নের আবেদন জেলা প্রশাসক, সিলেট বরাবর দাখিল করতে হবে। উল্লেখ্য, তালিকাভুক্তি সনদ ব্যতীত কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান বালুমহাল ইজারা দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন না।

২৮/৭/২০২৬
আবদুল্লাহ আল মামুন
জেলা প্রশাসক
সিলেট
০১৭১৫-২৯৭৪০৫
dcsylhet@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৮.৫২.০০৪.২১. ৯৮৮৯/১(৭) তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩ / ২৮ জুলাই ২০২৬

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়
২. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩. মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
৪. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ
৫. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন
৭. জেলা প্রশাসক (সকল)